# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯; E-mail: dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ১৫২৭(১২৫০) তারিখঃ ১৭/০২/২০২২

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ** নভেল করোনা ভাইরাস (COVID-19) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারি'র বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন করায় বাংলাদেশ কৃষি ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে প্রশংসাপত্র প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারি'র বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরাসরি তত্ত্বাবধান এবং দিক নির্দেশনায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড ও ব্যবসায় পরিবেশ পুনরুজ্জীবিতকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে কুটির শিল্পসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোকে (সিএমএসএমই) স্বল্প সুদে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে (১ম পর্যায়) ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন করায় বাংলাদেশ কৃষি ব্যাংক কে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়।

০৩। বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে অভিনন্দন/প্রসংশাপত্র পাওয়ার বিষয়টি ৩০/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৭৯৯তম সভায় অবহিত করা হয়। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সময়োচিত নির্দেশনায় ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীর অক্লান্ত পরিশ্রম, আন্তরিকতা, দক্ষতা ও সততার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে এই সম্মান অর্জন করায় পর্ষদ কর্তৃক ব্যাংক ব্যবস্থাপনা ও ব্যাংকের নির্বাহি, কর্মকর্তা ও কর্মচারীগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। একই সাথে চলতি ২০২১-২০২২ অর্থবছরে সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনাকে নির্দেশনা প্রদান করা হয়।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংকের ভাবমূর্তি সমুজ্জ্বল রাখতে চলতি ২০২১-২০২২ অর্থবছরে সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

29.02.2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ১৫২৭(১২৫০) তারিখঃ ১৭/০২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৭.02.2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

# প্রশংসাপত্র

স্মারক নং: এসএমইএসপিডি/৭০১(৪৪)/২০২১- ৩২৭৪(১০)

তারিখ: আগস্ট ১১, ২০২১

করোনা ভাইরাস (কোভিড-১৯) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারী'র বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরাসরি তত্ত্বাবধান এবং দিক নির্দেশনায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ও ব্যবসায় পরিবেশ পুনরুজ্জীবিতকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে কুটির শিল্পসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোকে (সিএমএসএমই) স্বল্প সুদে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার একটি আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষিত হয়। উক্ত প্যাকেজের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ২০২০-২০২১ অর্থবছরের ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন করায় বাংলাদেশ কৃষি ব্যাংক কে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে অভিনন্দন জানানো হলো।

সিএমএসএমই প্রণোদনা প্যাকেজের পরবর্তী পর্যায়ের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন কার্যক্রম ভবিষ্যতে অধিকতর গতিশীল করার পাশাপাশি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সক্রিয় ভূমিকা অব্যাহত থাকবে বলে আশা করছি।

ফজলে কবির
গভর্নর
বাংলাদেশ ব্যাংক।